গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
গাজীপুর।

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি
সেবা, ত্যাগ ও অগ্রগতি"

স্মারক নং-৫৮.০৩.৩০৩৩.০০০.০৬.০৬৬.১৯-৯৫৪ তারিখ: ২৮/০৮/২০২১খ্রি:।

উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গাজীপুর জোন-১ এর আওতাধীন ওয়্যারহাউজ ইন্সপেক্টরগনদের সাথে উপ সহকারী পরিচালক এর সমন্বয় সভা।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ আব্দুল হামিদ মিয়া, উপ সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গাজীপুর। |
| সভার তারিখ | : | ২৮/০৮/২০২১খ্রি:। |
| সময় | : | ১০:০০ ঘটিকা। |
| স্থান | : | সি ডি এম পির কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, জয়দেবপুর, গাজীপুর। |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। অত:পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত আদেশ সমূহ বাস্তবায়নে ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণদের গৃহীত ব্যবস্থাদি ও অগ্রগতি পর্যালোনা সাপেক্ষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র: নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | হাজিরা সংক্রান্ত | প্রতিদিন হাজিরা নিশ্চিত করণ ও প্রতি সপ্তাহের বৃহস্পতিবার হাজিরা সিট সহকারী পরিচালক, ঢাকা মহোদয় বরাবর প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ২ | লাইসেন্স ও রাজস্ব আদায় | সরকারী রাজস্ব বৃদ্ধির লক্ষ্যে নতুন লাইসেন্স করনসহ পুরাতন লাইসেন্স নবায়ন করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং লাইসেন্স এর হালনাগাদ তালিকা করতে হবে। এখন থেকে ই-লাইসেন্স করতে হবে। লাইসেন্স করার আবেদন সঠিক ভাবে করতে হবে। লাইসেন্স করার এসেসমেন্ট ফরমে দাহ্যস্তুর নাম লিখতে হবে। প্রতিষ্ঠানে নোটিশ এর কপি উপ সহকারী পরিচারক কে বা নিজের কাছে সংরক্ষণ করে রাখতে হবে বা নিশ্চিত করতে হবে। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ৩ | কেমিক্যাল, গ্যাস সিলিন্ডার ও ব্রিকফিল্ডের লাইসেন্স সংক্রান্ত। | কেমিক্যাল এর লাইসেন্স ঢাকা ব্যতীত অন্যান্য এলাকায় দেওয়া যাবে, গ্যাস সিলিন্ডারের লাইসেন্স হবে না এবং ব্রিকফিল্ডের লাইসেন্স হবে না তবে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র থাকলে লাইসেন্স দেওয়ার বিষয়ে বিবেচনা করা হেতে পারে। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ৪ | ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টর এর লাইসেন্স সংক্রান্ত। | ক্লিনিক/ডায়াগনষ্টিক সেন্টারের লাইসেন্স দেওয়ার ক্ষেত্রে স্বাস্থ্য অধিদপ্তরের ছাড়পত্র থাকতে হবে। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ৫ | প্রতিবেদন | আওতাধীন ওয়্যারহাউজ ইন্সপেক্টর কর্তৃক প্রদেয় প্রতিবেদন নির্ভুলভাবে সঠিক সময়ে প্রদান করার তাগিদ দেওয়া হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ৬ | অপারেশনাল কার্যক্রম | ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণকে অপারেশনাল কর্মকান্ডে অর্ন্তভুক্ত করণ, বিশেষ করে বস্তিতে ও গার্মেন্টস এলাকায় অগ্নিকান্ড/দুর্ঘটনা সংঘটিত হলে সবাইকে এলাকায় থাকতে হবে এবং শারীরিক ফিটনেস ঠিক রাখার বিষয়ে তাগিদ দেওয়া হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ৭ | জব ডায়েরী | প্রতিটি ইন্সপেক্টর জব ডায়েরী Maintenance করতে হবে এবং উক্ত জব ডায়েরীতে উপসহকারী পরিচালক এর নিকট হতে সাইন নেওয়ার বিষয়ে আলোনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ৮ | মোটর সাইকেল | মোটর সাইকেল ব্যবহারকারী ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণকে লগ বই ব্যবহার করতে হবে। গাড়ী ব্যবহারের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি নিতে হবে এবং নিজ কর্ম এলাকা ব্যতীত মোটর সাইকেল ব্যবহার না করার বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ৯ | স্টেশন ত্যাগ | কোন কর্মকর্তা স্টেশন ত্যাগ করতে হলে উপ সহকারী পরিচালকগণের মাধ্যমে সহকারী পরিচালক ও উপ পরিচালক মহোদয়ের নিকট হতে অনুমতিক্রমে স্টেশন ত্যাগ করার বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১০ | ছুটি সংক্রান্ত | ওয়্যারহাউজ ইন্সপেক্টরগন ছুটিতে গেলে ছুটি মঞ্জুর ব্যতীত কেউ যাবে না এবং সহকারী পরিচালক/উপ পরিচালক মহোদয়ের অনুমতি নেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১১ | পেশাগত দায়িত্ব | দেশের জনগনকে সেবা দানের মনোভাব নিয়ে কাজ করতে হবে, দেশের প্রচলিত ও বিভাগীয় আইন-কানুন, শৃঙ্খলা ও সময়ানুবর্তিতা মেনে সর্বদা পেশাদারিত্বের মনোভাব নিয়ে কাজ করার তাগিদ দেওয়া হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১২ | পরিদর্শন | মিডিয়া সেন্টার, প্রেস ক্লাব (প্রিন্ট মিডিয়া, ইলেকট্রিক মিডিয়া) পরিদর্শন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১৩ | ব্যাখ্যা তলব | উপ পরিচালক ও সহকারী পরিচালক মহোদয় ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণকে ব্যাখ্যা তলব করলে তার জবাব উপ সহকারী পরিচালক এর মাধ্যমে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |

| | | | |
|---|---|---|---|
| ১৪ | টার্মোলজি ও SOP | স্ট্যান্ডার্ড অপারেশন প্রসিডিউর বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১৫ | APA চুক্তি | বর্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথ বাস্তবায়নের বিয়ষে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১৬ | শুদ্ধাচার | জাতীয় শুদ্ধাচার কলাকৌশল বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১৭ | কোভিড-১৯ | স্বাস্থ্য বিধি মেনে সরকারী রাজস্ব আদায়ের ব্যাপারে তাগিদ দেওয়া হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১৮ | ACR | ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে সহকারী পরিচালক মহোদয় অনুস্বাক্ষর করবেন এবং উপ পরিচালক মহোদয় প্রতিস্বাক্ষর করবেন এ বিষয়ে আলোচনা করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১৯ | পরবর্তী সভা | প্রতি সপ্তাহে বৃহস্পতিবার সভা অনুষ্ঠিত হবে, সভায় গাজীপুর জোন-১ এর সকল ওয়্যারহাউজ ইন্সপেক্টরগনকে যথাসময়ে উপস্থিত থাকর অনুরোধ করা হয়। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্ত সমূহ সকলকে যথাযথভাবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করা হয়।

২৫/৮/২১

মোহাম্মদ আব্দুল হামিদ মিয়া, বিএফএম
উপ সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
গাজীপুর।

বিতরণ:

১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।

২। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা বিভাগ, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য।

৪। জনাব..............................., ওয়্যারহাউজ ইন্সপেক্টর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা-......(সংশ্লিষ্ট এলাকা গাজীপুর)।